



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

তারিখঃ ১৮-০৭-২০২০

নথি নং -৬/৪৩১২/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৭৪২

বিষয়ঃ অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০১-০৬-২০২০ তারিখের আবেদন (আইডি- (৬৭০)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীনে এস পি রশিদিয়া মাধ্যমিক বিদ্যালয় এর নিয়মিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক একটি অভিযোগ দাখিল করেছেন। তিনি অভিযোগে বলেছেন যে, বর্তমান ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব মো: রেজাউল আহসান এবং বর্তমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব আকবর আলী সম্পর্কে পিতা ও পুত্র। বর্তমান বৈশ্বিক মহামারি করোনার মধ্যে কাউকে কিছু না জানিয়ে অনিয়মতান্ত্রিকভাবে পিতা ও পুত্র মিলে পকেট ম্যানেজিং কমিটি গঠন করেছেন। এবং তাকে অন্যায়ভাবে সাময়িক বরখাস্ত করেছেন। এমনভাবে উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

০৪২১-৬৮৬৩৪

জেলা শিক্ষা অফিসার
বাগেরহাট

তারিখঃ ১৮-০৭-২০২০

মেমো নং-৬/৪৩১২/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৭৪২ (৫)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, এস পি রশিদিয়া মাধ্যমিক বিদ্যালয়, সন্ন্যাসীবাজার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৩। অভিযোগকারী, সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক, এস পি রশিদিয়া মাধ্যমিক বিদ্যালয়, সন্ন্যাসীবাজার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৪। সভাপতি, এস পি রশিদিয়া মাধ্যমিক বিদ্যালয়, সন্ন্যাসীবাজার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৫। অফিস নথি।

১৮-০৭-২০২০

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

যশোর

এস. পি. রশিদিয়া মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘর:-সন্ন্যাসী বাজার, উপজেলা:-মোড়েলগঞ্জ, জেলা:-বাগেরহাট।

স্থাপিত:-১৯৪৭ইং

বিদ্যালয় কোড নং-৪৩১২, EIIN-115029

তারিখ- ১৬/০৫/২০২০ইং

বরাবর

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয়: বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীন এস.পি.রশিদিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো: রেজাউল আহসান কর্তৃক গঠিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে অভিযোগের তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহণের আবেদন।

সূত্র: গত ইং ০৩/০৪/২০২০ তারিখের বোর্ড কর্তৃক অনুমোদিত কমিটি।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, আমি নিম্ন স্বাক্ষরকারী গত ইং ১৫/০২/০৪ তারিখ অত্র বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে যোগদান করে সুনামের সাথে বিদ্যালয় পরিচালনা করে আসতেছিলাম। ইতিমধ্যেই গত ইং ২০০৯ সালের এ্যাডহক কমিটির সভাপতি তথা বর্তমান সভাপতি জনাব আকবর আলী হাওলাদার তান নিজ পুত্র মো: রেজাউল আহসান কে প্রধান শিক্ষক পদে বসানোর জন্য আমাকে অন্যায় ভাবে গত ইং ২২/০৯/০৯ তারিখ সাময়িক বরখাস্ত করেন। আমি বাগেরহাট অতিরিক্ত জেলা জজ আদালত-১ থেকে দে.আ. ১৪৩/১১ নং মামলায় রায় পাওয়ার পরেও আমাকে পুনর্বহল করেন নাই। আমি মহামান্য হাইকোর্টের নির্দেশে পূর্ণ বেতন-ভাতা প্রাপ্ত হওয়া সত্ত্বেও অদ্যাবধি পুনর্বহল হতে পারি নাই। এমনকি বিদ্যালয়ের বিগত কমিটির মেয়াদ গত ইং ২৪/০৩/২০ তারিখ উত্তীর্ণ হওয়ায় করোনা ভাইরাসের মধ্যে নির্বাচন না দিয়ে কগজ কলমে নির্বাচন দেখিয়ে তাদের মনোনীত ব্যক্তি এবং নিজস্ব আত্মীয়দের নিয়ে পুণরায় পকেট কমিটি গঠন করেন। যা আপনার দপ্তর থেকে গত ইং ০৩/০৪/২০২০ তারিখে অনুমোদন লাভ করে। যা করোনা পরিস্থিতিতে সরকার ঘোষিত সাধারণ ছুটির মধ্যে পড়ে। এমনকি পঞ্জিকায় উক্ত অনুমোদনের দিনটি শুক্রবার ছিল। উক্ত কমিটির সভাপতি নির্বাচিত হন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের মো: রেজাউল আহসানের পিতা জনাব আকবর আলী হাওলাদার। যিনি গত ইং ২০০৯ সালের এ্যাডহক কমিটির সভাপতি সহ অদ্যাবধি বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির ধারাবাহিক ৭ (সাত) বার সভাপতি হিসেবে নির্বাচিত দেখানো হয়। মহামান্য হাইকোর্টের গত ইং ২৫/০২/২০২০ তারিখ একটি রিটের পর্যবেক্ষণে আদেশ দেন যে পর পর ০২ (দুই) বারের বেশি কোন ব্যক্তি বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটিতে থাকতে পারবেন না। যা সকল বোর্ড কর্তৃপক্ষ অবহিত আছেন। উক্ত সভাপতি এবং ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক পিতা পুত্র হইতেছেন। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো: রেজাউল আহসান পূর্বে শরীর চর্চা শিক্ষক ছিলেন। পিতা জনাব আকবর আলী সভাপতি হয়ে উক্ত পুত্র মো: রেজাউল আহসান কে বিধি বহির্ভূত ভাবে সহকারী প্রধান শিক্ষক নিয়োগ দেন এবং আমাকে সাময়িক বরখাস্ত করে তদীয় পুত্র মো: রেজাউল আহসান কে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব দেন। বিদ্যালয়ের সুন্দর পরিবেশ ফিরিয়ে আনতে অভিযোগের সৃষ্ট তদন্ত একান্ত আবশ্যিক। যার জন্য আপনার সাহায্য ও সহযোগিতা একান্ত কাম্য।

এমতাবস্থায় হুজুর সমীপে আবেদন উল্লিখিত বিবরণ এবং অভিযোগের আলোকে সঠিক তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহণে মর্জি হয়।

বিনীত নিবেদক

আপনার একান্ত

(মো: মুছাফ কাককা মিয়া)

প্রধান শিক্ষক

এস.পি.রশিদিয়া মাধ্যমিক বিদ্যালয়

মোবাইল নং-০১৭১৮৭২৮৯১৩

সংযুক্তি:

১. বাগেরহাট অতি: জেলা জজ আদালত-১ এর রায়ে ফটোকপি
২. মহামান্য হাইকোর্টের আদেশের প্রেক্ষিতে পূর্ণ বেতন-ভাতা প্রদানের বিল স্টেটমেন্ট এর ফটোকপি।
৩. মহামান্য হাইকোর্টের আদেশের প্রেক্ষিতে বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালনা পরিষদে পর পর ০২ (দুই) বারের বেশী থাকতে পারবেনা মর্মে প্রকাশিত খবরের দৈনিক পত্রিকার ছায়াফপি।
৪. গত ০৩/০৪/২০২০ইং তারিখে অনুমোদিত বিদ্যালয় পরিচালনা পরিষদের পত্রের ফটোকপি।